

■ সুনান আদ-দারাকুতনী

হাদিস নাম্বারঃ ১৫০২

৩. নামায (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ৭৬. কোন ব্যক্তি একাকী (ফজরের) নামায পড়ার পর পুনরায় জামাআত পেল, সে যেন জামাআতে নামায পড়ে

بَابُ مَنْ كَانَ يُصَلِّي الصُّبُحَ وَحْدَهُ ثُمَّ أَدْرَكَ الْجَمَاعَةَ فَلَيُصَلِّي مَعَهَا

আরবী

ثَنَّا الْقَاضِي الْحُسَيْنُ بْنُ إِسْمَاعِيلَ ، ثَنَّا زِيَادُ بْنُ أَيُوبَ وَعَلَى بْنُ مُسْلِمٍ قَالَا : نَا هُشَيْمُ ،
ثَنَّا يَعْلَى بْنُ عَطَاءً ، نَا جَابِرُ بْنُ يَزِيدَ بْنِ الْأَسْوَدِ عَنْ أَبِيهِ قَالَ : شَهِدْتُ مَعَ رَسُولِ اللَّهِ -
صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ - حَجَّتُهُ فَصَلَّيْتُ مَعَهُ صَلَاةَ الصُّبُحِ فِي مَسْجِدِ الْخَيْفِ فَلَمَّا
قَضَى صَلَاةَهُ وَانْصَرَفَ فَإِذَا هُوَ بِرَجُلَيْنِ فِي آخِرِ الْقَوْمِ لَمْ يُصَلِّيَا مَعَهُ فَقَالَ : " عَلَيْ
بِهِمَا " . فَأَتَيْتَهُمَا تَرْعُدُ فَرَأَيْتُهُمَا فَقَالَ : " مَا مَنَعَكُمَا أَنْ تُصَلِّيَا مَعَنَا " . قَالَا : يَا
رَسُولَ اللَّهِ ، كُنَّا قَدْ صَلَّيْنَا فِي رِحَالِنَا . قَالَ : " لَا تَفْعَلَا إِذَا صَلَّيْتُمَا فِي رِحَالِكُمَا ثُمَّ
أَتَيْتُمَا مَسْجِدًا جَمَاعَةً فَصَلَّيْلَا مَعَهُمْ فَإِنَّهَا لَكُمْ نَافِلَةً "

বাংলা

১৫০২(১). আল-কায়ী আল-ভসাইন ইবনে ইসমাঈল (রহঃ) ... জাবের ইবনে ইয়াযীদ ইবনুল আসওয়াদ (রহঃ) থেকে তার পিতার সূত্রে বর্ণিত। তিনি বলেন, আমি রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর বিদায় হজে তাঁর সাথে ছিলাম। আমি তার সাথে মসজিদুল খায়েফ-এ ফজরের নামায পড়লাম। নামাযশেষে তিনি ঘুরে বসে দুইজন লোককে জামায়াতের শেষ প্রান্তে দেখতে পেলেন, যারা তার সাথে নামায পড়েনি। তিনি বললেনঃ এদের দুজনকে আমার কাছে নিয়ে এসো। তাদেরকে নিয়ে আসা হলো এবং ভয়ে তাদের ঘাড়ের শির কঁপছিল। তিনি জিজ্ঞেস করলেনঃ আমাদের সাথে নামায পড়তে তোমাদের উভয়কে কিসে বাধা দিলে? তারা বলল, ইয়া রাসূলুল্লাহ! আমরা আমাদের অবস্থানস্থলে নামায পড়েছি। তিনি বললেনঃ তোমরা এরূপ করবে না। তোমরা তোমাদের অবস্থানস্থলে নামায পড়ার পর মসজিদে এসে জামাআত পেলে তাদের সাথে পুনরায় নামায পড়বে। এটা হবে তোমাদের উভয়ের জন্য নফল।

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন □ বর্ণনাকারীঃ জাবের ইবনে ইয়াযীদ ইবনুল আসওয়াদ (রহঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=81291>

 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন